রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গণীমতের মাল ঘোড়ার জন্য দুই অংশ এবং পুরুষের জন্য এক অংশ বন্টন করেন।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত: “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গণীমতের মাল ঘোড়ার জন্য দুই অংশ এবং পুরুষের জন্য এক অংশ বন্টন করেন”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু আনহুমা সংবাদ দেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গণীমতের মাল অশ্বারোহীর জন্য দুই অংশ এবং পায়ে হাঁটা ব্যক্তির জন্য এক অংশ নির্ধারণ করেছেন। কারণ, যুদ্ধে ঘোড়ার উপকাররিতা ও আক্রমণ ঘোড়া ছাড়া ব্যক্তির তুলনায় অনেক বেশি হয়ে থাকে। এ কথার প্রতি কুরআন ইঙ্গিত করেছেন। যেমন, আল্লাহ তা‘আলা বলেন, “অতঃপর যারা প্রত্যুষে হানা দেয়, অতঃপর সে তা দ্বারা ধুলি উড়ায়, অতঃপর এর দ্বারা শত্রুদলের ভেতরে ঢুকে পড়ে;” [সূরা আল-আদীয়াত, আয়াত: ৩-৫] এতে ঘোড়ার প্রশংসা এবং যুদ্ধে তার উপকারিতার প্রতি ইশারা করা হয়েছে। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “কিয়ামত অবধি ঘোড়ার কপালেই কল্যাণ নিহিত।”

http://www.sunnah.global/hadeeth/bn/show/2978